গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৩- ৫৫৬৯

তারিখঃ-৩০ /০১/২০২৪ খ্রি.।

## অফিস আদেশ

**বিষয়ঃ নলকূপ খননের সময় বোরিং ফ্লুইড হিসাবে গোবর (cow dung) মিশ্রিত পানির ব্যবহার সম্পূর্ণরূপে পরিহার করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নলকূপ স্থাপন কাজের বিল অফ কোয়ান্টিটি (BoQ)তে নলকূপ খননের সময় বোরিং ফ্লুইড হিসাবে বেন্টোনাইট-ক্লে (bentonite-clay) মিশ্রিত পানি ব্যবহারের পরিষ্কার নির্দেশনা থাকলেও প্রায়শই গোবর মিশ্রিত পানি বোরিং ফ্লুইড হিসেবে ব্যবহার করা হচ্ছে। বিভিন্ন সমীক্ষা/গবেষনায় দেখা যায় টিউবওয়েল স্থাপনের সময় গোবর (cow dung) মিশ্রিত পানি ব্যবহারের কারণে ভূগর্ভস্থ পানিস্তর E. coli and faecal coliforms দূষণের সম্ভাব্য দীর্ঘস্থায়ী উৎস হতে পারে, যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। বিষয়টি স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের দৃষ্টি গোচর হয়েছে। এমতাবস্থায় উপরোক্ত বিষয় বিবেচনা করে নলকূপ খননের সময় বোরিং ফ্লুইড হিসাবে গোবর (cow dung) মিশ্রিত পানির ব্যবহার সম্পূর্ণরূপে পরিহার করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে প্রতিপালন করতে হবে।

১। নলকূপ স্থাপন কাজে নিয়োজিত ঠিকাদারদের এ মর্মে নির্দেশনা প্রদান করতে হবে যে, দরপত্র চুক্তি মোতাবেক নলকূপ খননের সময় অবশ্যই বোরিং ফ্লুইড হিসাবে বেন্টোনাইট-ক্লে (bentonite-clay) মিশ্রিত পানি ব্যবহার করতে হবে, কোনক্রমেই বোরিং ফ্লুইড হিসাবে গোবর (cow dung) মিশ্রিত পানি ব্যবহার করা যাবে না। গোবর (cow dung) মিশ্রিত পানি ব্যবহার করে কোন ঠিকাদার নলকূপ স্থাপন করলে সেই নলকূপ গ্রহণযোগ্য হবে না এবং কোন বিল প্রদান করা যাবে না।

২। নলকূপ স্থাপন কাজ তত্ত্বাবধান/মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সহকারী/উপ-সহকারী প্রকৌশলী ও মেকানিকগণ নলকূপ খননের সময় বোরিং ফ্লুইড হিসাবে বেন্টোনাইট-ক্লে (bentonite-clay) মিশ্রিত পানি ব্যবহার নিশ্চিত করবেন ও গোবর (cow dung) মিশ্রিত পানি ব্যবহার করলে কাজ বন্ধ করে দিবেন এবং বিল প্রদানের সময়ে এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করবেন।

৩। ইতিমধ্যে যে সকল নলকূপ স্থাপন করা হয়েছে সেগুলো সঠিক পদ্ধতিতে দীর্ঘসময়ব্যাপি ডেভেলপমেন্ট করে ডিজইনফেকশন করার পর পানি পরীক্ষা করে ফলাফলে কোনরূপ গন্ধ বা জীবাণু নেই মর্মে নিশ্চিত হয়ে ব্যবহারকারীদের নিকট হস্তান্তর করতে হবে।

৩০/১/২৪
মোঃ সরোয়ার হোসেন
প্রধান প্রকৌশলী

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল।
৩। প্রকল্প পরিচালক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল।
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল।
৫। সহকারী/উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল।
৭। [illegible]